দৈনিক
ইনকিলাব

তারিখ 27 JAN 20 3
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা ল্যাংগুয়েজ ক্লাবে বিভিন্ন ভাষা শিক্ষা

বিশ্বায়নের বর্তমান পরিক্রমায় বিভিন্ন ভাষা শিক্ষার বিশেষ গুরুত্বকে কোনমতেই অস্বীকার করা যায় না। অফিসের প্রয়োজনে বা ব্যক্তিগত কাজে বাংলা ভাষার পাশপাশি ইংরেজীসহ বিভিন্ন ভাষা শিক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। এই প্রয়োজনীয়তা বিবেচনা করে এদেশে বিদেশী ভাষা শিক্ষার যে কটি প্রতিষ্ঠান গড়ে ওঠে তাদের মধ্যে কেবল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষা ইনস্টিটিউটেই একসঙ্গে অনেকগুলো ভাষা শিখানোর কার্যক্রম চালু করে। কিন্তু বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী এই প্রতিষ্ঠানটিরও সীমাবদ্ধতা রয়েছে। এই সব সীমাবদ্ধতা মনে রেখে বিভিন্ন ভাষা শিক্ষায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কোর্সের আয়োজন করেছে 'ঢাকা ল্যাংগুয়েজ ক্লাব'। মহাখালী নিউ ডিওএইচএস এলাকার মনোরম পরিবেশ আর উচ্চ যোগ্যতাসম্পন্ন শিক্ষকবৃন্দের আন্তরিক প্রচেষ্টায় ইতিমধ্যেই বেশ কিছু শিক্ষার্থীর চাহিদা মিটিয়ে যথেষ্ট সুনাম অর্জনে সমর্থ হয়েছে ঢাকা ল্যাংগুয়েজ ক্লাব, এসব শিক্ষার্থীর মধ্যে ছিলেন বিভিন্ন দূতাবাসের কর্মকর্তাগণ, সরকারী চাকরিজীবী ও কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ।



এখানে যেসব ভাষা শিক্ষা কার্যক্রম চালু রয়েছে সেগুলো হচ্ছে ইংরেজী, জাপানীজ, ফ্রেঞ্চ, জার্মান, ইতালিয়ান, স্প্যানিশ, চায়নিজ, কোরিয়ান, এ্যারাবিক, পারসিয়ান, রাশিয়ান এবং আরো বেশক'টি ভাষা। বিদেশীদের জন্য রয়েছে বাংলা ভাষা শিক্ষার ব্যতিক্রমধর্মী কার্যক্রম।

এই ক্লাবের মেম্বার হতে হলে ক্লাবের নিজস্ব ফর্মে তিন কপি ছবিসহ আবেদন করতে হয়, সদস্য হতে কোন ফি লাগবে না। তবে বিভিন্ন ভাষা শিক্ষার শিক্ষার্থীদের নির্ধারিত কোর্স ফি প্রদান করতে হবে এবং এই কোর্স ফিও নাগালের মধ্যে। তিন মাসের কোর্সগুলোতে রয়েছে সপ্তাহে তিন দিন ক্লাসের ব্যবস্থা। ছাত্রছাত্রীদের জন্য নির্ধারিত কোর্স ফি'র ১০% ছাড় দেয়া হয়। এছাড়া বিদেশে যেমন USA. UK. AUSTRLS'তে যারা পড়াশোনার জন্য যেতে ইচ্ছুক তাদের প্রয়োজনীয় তথ্য ও সুযোগ তৈরীতে সহায়তা করা হয়। চাকরি প্রাপ্তিতে সহায়তা করার জন্য এই প্রতিষ্ঠানটি বর্তমানে এক্সিকিউটিভ ডেভেলপমেন্ট কোর্স চালু করেছে। TOFFL. IELTS GMATসহ বেশ কিছু আকর্ষণীয় কোর্স এ প্রতিষ্ঠানটির কলেবর বৃদ্ধি করেছে। ভাষা শিক্ষার সমস্ত আধুনিক কৌশল এখানে বর্তমান। বিস্তারিত জানতে ঢাকা ল্যাংগুয়েজ ক্লাব, রোড নং-২৯, বাড়ী নং-৩৯৫, নিউ ডিওএইচএস, মহাখালী; ফোন- ৯৮৯৩৭৭৪, ০১৯-৩৪০৫৮৬তে যোগাযোগ করা যেতে পারে।

❑ মাসুদ এ খান